Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 28 May, 2025

পাবনায় সেনাবাহিনীর উদ্যোগে দিনব্যাপী ফ্রি মেডিক্যাল ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। এতে বিভিন্ন বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ ও বিনামুল্যে ওষুধ পেয়েছেন হাজারো মানুষ।

বুধবার (২৮ মে) পাবনা সরকারি কলেজে ১১ পদাতিক ডিভিশনের আওতাধীন ৬ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারি এবং ২৫ ফিল্ড অ্যাম্বুলেন্সের যৌথ উদ্যোগে এই বিনামূল্যে মেডিক্যাল ক্যাম্পেইনের আয়োজন করা হয়।

দিনব্যাপী ক্যাম্পেইন এ নাক-কান-গলা, গাইনি, মেডিসিন, ডেন্টাল ও সার্জারি সহ বিভিন্ন বিভাগের বিশেষজ্ঞ সেনা চিকিৎসকগণ দুঃস্থ ও অসহায় রোগীদের বিনামূল্যে সেবা ও ঔষুধ সরবরাহ করেন। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয় যে, এদিন আনুমানিক ১২০০ জন রোগী চিকিৎসাসেবা গ্রহণ করেছেন। হাতের কাছে এমন বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ ও বিনামূল্যে ওষুধ পেয়ে খুশি স্থানীয়রা।

গত ২৫ মে থেকে এর প্রস্তুতিমূলক কার্যক্রম শুরু করে পাবনায় অবস্থানরত সেনা ইউনিট। স্থানীয় এলাকায় তিনদিনব্যাপী মাইকিং এর মাধ্যমে এই ক্যাম্পেইনের প্রচারনা কার্যক্রম চালানো হয়।

এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়, পাবনা জেলার প্রতিটি উপজেলায় পর্যায়ক্রমে এ ধরনের মেডিক্যাল ক্যাম্পের আয়োজন অব্যাহত থাকবে। এই কার্যক্রম প্রমাণ করে পাবনায় সাধারণ জনগণের পাশে সেনাবাহিনী কেবল নিরাপত্তার ক্ষেত্রে নয়, জনসেবামূলক ক্ষেত্রেও

ওতপ্রোতভাবে জড়িত।

উল্লেখ্য, গত বছরের জুলাই মাস থেকে পাবনায় ১১ পদাতিক ডিভিশনের সেনাবাহিনীর একটি ইউনিট জেলা প্রশাসন এবং আইন শৃঙ্খলা বাহিনীর সহযোগিতায় বিভিন্ন উন্নয়নমূলক ও সেবামূলক কার্যক্রমে নিয়োজিত রয়েছে।

সেনাবাহিনী মেডিক্যাল ক্যাম্প

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 13 June, 2025 04:49

URL: https://timestodaybd.com/public/rajshahi/7758073066